



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়
অভয়নগর, যশোর
doict.abhaynagar.jessore.gov.bd

উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২০২৫ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	শেখ সালাউদ্দীন দিপু উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৭ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২.০০ টা
স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, অভয়নগর, যশোর।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা আইসিটি কমিটির সভা অক্টোবর/২৫ মাসের কার্যক্রম নিয়ে নিম্নলিখিত আলোচনা হয়।

১. ইউডিসির পরিদর্শন সংক্রান্ত:

১.২ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন/ ও অন্যান্য তথ্য:

ক্র: নং	উপজেলা	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ		ইউডিসি		
		সভা অনুষ্ঠানের তারিখ	সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা	মোট ইউডিসি এর সংখ্যা	ইউ এন ও কর্তৃক পরিদর্শন	ইউ এন ও কর্তৃক দর্শন
০১	অভয়নগর	২৭/১০/২০২৫	হ্যাঁ	৮	২	২

২. সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

ক্র:মি	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	আইসিটি ডিজিটাল ল্যাব তদারকি সংক্রান্ত।	এ বিষয়ে যেসকল শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ডিজিটাল ল্যাব আছে সেসকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও আইসিটি শিক্ষককে ল্যাব সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া অত্র উপজেলায় মাত্র ১৪টি আইসিটি ডিজিটাল ল্যাব আছে। ল্যাবের সংখ্যা বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা আইসিটি অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
২.২	মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত।	প্রতিমাসে কমপক্ষে ০৫/০৭টি মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া কমিটির সদস্যগণ প্রতিমাসে অন্তত ০১টি মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন কমিটি, উপজেলা আইসিটি অফিসার।
২.৩	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য:	উপজেলার সকল অফিস ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে এবং এ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান, উপজেলা আইসিটি অফিসার ও সকল উদ্যোক্তা
২.৪	ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড	ইউনিয়ন/পৌর ডিজিটাল সেন্টারের দৈনিক আয় ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেমে নিয়মিত আপলোড করতে হবে। আপলোড কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইউডিসিদের সমন্বয়ে মাসিক মিটিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার ও সকল উদ্যোক্তা
২.৫	ডি-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিকরণ	যে সকল অফিসে ডি-নথি সিস্টেম চালু আছে সেসকল অফিসের সকল চিঠিপত্র পত্র জারির মাধ্যমে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট অফিস প্রধান
২.৬	ইনফো – সরকার কর্তৃক প্রদত্ত ইন্টারনেট কানেকশন তদারকি সংক্রান্ত	প্রতিটি অফিসে ইনফো – সরকার কর্তৃক প্রদত্ত ইন্টারনেট কানেকশন তদারকি / পরিদর্শন ও এ সংক্রান্ত একটি প্রতিবেদন জেলা প্রশাসক, যশোর মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার
২.৭	ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ সংক্রান্ত	উপজেলা পর্যায়ে বেকার যুবক-যুবতীদের আত্মকর্মসংস্থানের জন্য আয়বর্ধনমূলক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণের প্রস্তাব গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার
২.৮	জনসেবায় Facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:	সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি অফিসের নামে Facebook আইডি খুলতে হবে এবং Deputy Commissioner Jessore, Uno Abhaynagar Jashore মহোদয়ের Facebook এ Add হতে হবে। তাছাড়া প্রতিদিনের কার্যক্রম ফেসবুকে আপলোড করতে হবে। তাছাড়া নাগরিক সেবাসমূহ Uno Abhaynagar Jashore এর মেসেঞ্জারে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা টেকনিশিয়ান

২.৯	আইসিটি ডিজিটাল ল্যাবের প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষককে সভায় উপস্থিত থাকা এবং ল্যাবের কার্যক্রম সংক্রান্ত	১৪(চৌদ্দ)টি আইসিটি ডিজিটাল ল্যাব সমূহের প্রধান শিক্ষকগণ অথবা আইসিটি শিক্ষকগণ নিয়মিত উপজেলা আইসিটি সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া ল্যাবের সকল প্রকার আইসিটি কার্যক্রমের স্থিরচিত্র ও ভিডিও “আইসিটি শিক্ষক গ্রুপ অভয়নগর” WhatsApp গুপে আপলোড এবং পরবর্তী সভায় প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
২.১০	উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত	উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার
২.১১	বিবিধ	উপজেলা আইসিটি কমিটির সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত থাকার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

শেখ সালাউদ্দীন দিপু
উপজেলা নির্বাহী অফিসার
০২৪২১৪৪০২২(ফোন)
০২৪২১৪৪২০২(ফ্যাক্স)
unoabhaynagar@mopa.gov.bd

নম্বর: ৫৬.০৪.৪১০৪.০০০.০০০.০৬.০০০১.১৯.৮

তারিখ: _____

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
- ৩। জেলা আইসিটি অফিসার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, যশোর।
- ৪। উপজেলা.....অফিসার, অভয়নগর, যশোর।
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক....., অভয়নগর, যশোর।
- ৬। জনাব.....,
- ৭। অফিস, কপি।

০৫-১১-২০২৫
আহসান কবির
উপজেলা আইসিটি অফিসার